X

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় বিদ্যুৎ বিভাগ সমস্বয়-২ অধিশাখা। www.powerdivision.gov.bd

০৭ ফাল্পুন ১৪২৬ বঙ্গান্দ

PGG -66.200.000.000.00.005.27-

হারিখঃ ২০ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

<u>সংশোধিত পরিপত্র</u>

বিষয়ঃ নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান সংক্রান্ত।

"Getting Electricity (rank)–Ease of Doing Business" এর বিভিন্ন সূচক এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে নির্ধারিত সময়সীমার মধ্যে সকল নাগরিকের জন্য বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করতে বিদ্যুৎ বিভাগ নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানে বিদ্যমান সময়সীমা কমিয়ে আনার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে। নতুন বৈদ্যুতিক সংযোগ প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত সময়সীমা অনুসরণ করতে হবেঃ

উচ্চ চাপে বৈদ্যুতিক সংযোগ (HT Connection)

- ১) নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন (নির্ধারিত সকল শর্তাদি প্রতিপালন ও তথ্যাদিসহ দাখিল করা হলে) প্রাপ্তির ০৫ দিনের মধ্যে কারিগরী তদন্ত ও জরিপ কাজ সম্পন্ন করতে হবে। অসম্পূর্ণ আবেদনের বিষয় আবেদনকারীকে তাৎক্ষণিক জানিয়ে দিতে হবে;
- ২) তদন্ত ও জরিপ প্রতিবেদন প্রাপ্তির পরবর্তী ০৮ দিনের মধ্যে লোড বরাদ্দ করে ডিমান্ড নোট ইস্যু করতে হবে। তদন্ত ও জরিপ প্রতিবেদনে ত্রুটি/বিচ্যুতি পাওয়া গেলে আবেদনকারীকে তাৎক্ষণিকভাবে জানিয়ে দিতে হবে;
- ৩) ডিমান্ড নোট প্রাপ্তির ০৩ দিনের মধ্যে আবেদনকারীকে ডিমান্ড নোটের অর্থ জমা দিতে হবে। যদি উক্ত সময়সীমার মধ্যে আবেদনকারী অর্থ পরিশোধে ব্যর্থ হয় তা হলে আবেদনের প্রসেস আর্কাইড হয়ে যাবে। অর্থ পরিশোধের পরে আবেদন প্রসেস পূণরুজ্জীবিত করতে হবে;
- ৪) টাকা জমা দেওয়ার পরবর্তী ০২ দিনের মধ্যে মিটার সরবরাহ করে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে;

আবাসিক সংযোগ

- ৫) আবাসিক বৈদ্যুতিক সংযোগ প্রদানের ক্ষেত্রে আবেদন (প্রয়োজনীয় তথ্যাদিসহ) প্রাপ্তির পরবর্তী ০১ থেকে ০৭ দিনের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে। অসম্পূর্ণ আবেদনের বিষয় তাৎক্ষণিক আবেদনকারীকে জানিয়ে দিতে হবে। নোটঃ ইপিজেড, বেজা এলাকায় সকল শর্ত পূরণ করলে ২৪ ঘন্টার মধ্যে সংযোগ প্রদান করতে হবে।
- ত২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

4(61,' 2010>1(আইরিন পারতীন) উপসচিব (সম-২) ফোনঃ ৪৭১২০৩০৮। (coord-2@pd.gov.bd

সদয় কার্যার্থে ও সদয় অবগতির জন্য অনুলিপি:

- ০১। চেয়ারম্যান, বাংলাদেশ পন্নী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ০৩। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
 (মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, রমনা, ঢাকা।
- ০৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাম্লাই কোম্পানী লিঃ, ২২/বি ফারুক সার্কী, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েষ্টজোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, বয়রা, মেইন রোড, খুলনা।
- ০৭। ব্যবস্থাপনা পরিচালক, নদার্ন ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিঃ, প্রধান কার্যালয়, বিদ্যুৎ ভবন, হেতেম খান, রাজশাহী।
- ০৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ০৯। সচিব এর একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অতিরিক্ত সচিব (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
- ১২। ফুমসচিব (সকল)/ফুমপ্রধান এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।